

সিলেটে উদ্বুদ্ধকরণ সভায় শিক্ষা প্রতিমন্ত্রী

## পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে নকল পেলে হলগেটেই বহিষ্কার

মোশাররফ বাবলু, সিলেট থেকে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বলেছেন, পরীক্ষা কেন্দ্রে ঢোকীয় সময় পরীক্ষার্থীদের দেহ তল্লাশিকালে নকল পাওয়া গেলে হলগেটেই বহিষ্কার করা হবে। এই নিয়ম মত পার্থক্যের কোনো অবকাশ নেই। কারণ পাবলিক পরীক্ষা আইনে যা যা রয়েছে তা অক্ষর অক্ষরে কার্যকর করতে হবে।

গতকাল সোমবার সিলেট সরকারি মহিলা কলেজ মিলনায়তনে আয়োজিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নকল প্রতিরোধে উদ্বুদ্ধকরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন একথা বলেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেটের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ আব্দুর রহমানের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সিলেট বিভাগীয় কমিশনার নজরুল ইসলাম ডিআইজি পুলিশ এম এ আজিজ সরকার, জেলা প্রশাসক মোঃ আব্দুল হোসেন, পরীক্ষানিয়ন্ত্রক বনিউল আলম, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর সামছন নাহার। এ ছাড়াও মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ ও সিলেট জেলার ডিসি, এমপি, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ম্যাজিস্ট্রেট, কেন্দ্র সচিব, শিক্ষকসহ বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন বলেন, হলগেটে নকল পাওয়া গেলে বহিষ্কার করা না করা নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মতনৈকোর সৃষ্টি করেছেন। কিন্তু নকল পাওয়া গেলে হলগেটেই বহিষ্কার করা হবে। এতে মত পার্থক্যের কোনো অবকাশ থাকবে না। তিনি বলেন, গত ২৪ ফেব্রুয়ারি নীলফামারী জেলা থেকে নকল প্রতিরোধের জন্য বিভিন্ন জেলায় সফর করে আসছি। সিলেট বিভাগে মাসব্যাপী কর্মসূচির শেষ দিনে নকলের দাফন করে গেলাম। আশা করি এদেশে আর নকল হবে না।

অন্য বক্তব্যে সিলেট বিভাগের ৪টি জেলায় এবারে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে সভায় অসীকার ব্যক্ত করেছেন।